

শ্রী অমলেন্দু বিকাশের শ্রাদ্ধ

আনিসুর রহমানঃ অপরেশ, অরুন্ধতী, অনুরিনা এবং অনিমেস এর বাবা শ্রী অমলেন্দু বিকাশ কাস্তগীর সিডনীতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন গত ২১শে মার্চ ২০১১। গত ২৩শে এপ্রিল অনুষ্ঠিত হলো তার শ্রাদ্ধ। কুলখানি দেখেছি কিন্তু শ্রাদ্ধ আগে দেখিনি। কাছাকাছি ধরনের কিছু হবে অনুমান করেছিলাম। কিছু দোয়া বা প্রার্থনা, বিদেহী আত্মার শান্তি কামনা এবং শেষে খাওয়া-দাওয়া। কিন্তু সন্ধ্যা সাতটায় পেনেন্টহিল কমিউনিটি সেন্টারে গিয়ে দেখি আয়োজনটা একটু ভিন্ন। একদিকে মঞ্চ, সামনে সারিসারি চেয়ারে



দর্শক - মনে হলো একটা সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হতে যাচ্ছে। হলোও তাই। কিছুক্ষণের মধ্যেই মঞ্চে এলো শোকর্ত পরিবারের ছেলে-মেয়ে, জামাতা-পুত্রবধু এবং নাতি-নাতনিরা। তারা সবাই মিলে গান,



কবিতা এবং হৃদয়স্পর্শী বক্তব্য পাঠ করে স্মরণ করলো, শ্রদ্ধা জানালো তাদের চলে যাওয়া প্রিয় মানুষটিকে। কোনো বিখ্যাত ব্যক্তির স্মরণ সভায় যারা গান করেন বা কথা বলেন তারা অনেকেই সেই মানুষটিকে ব্যক্তিগত ভাবে চিনতেন না। সে সব অনুষ্ঠানে তাই আনুষ্ঠানিকতা বড় হয়ে দাঁড়ায়। কিন্তু আপনজনের জন্য মানুষ যখন গান করে - তার মধ্যে রক্তের টান অনুভব করা যায়। হল ভর্তি মানুষের সাথে আমিও তাদের সে টান অনুভব করেছি, দেখেছি, শিখেছি !

